

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭৬৭

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৪৪. কবুতর খেলা

بَابِ اللَّعِبِ بِالْحَمَامِ

আরবী

حَدَّثَنَا أَبُو نَصْرٍ، مُحَمَّدُ بْنُ خَلَفِ الْعَسْقَلاَنِيُّ حَدَّثَنَا رَوَّادُ بْنُ الْجَرَّاحِ، حَدَّثَنَا أَبُو سَعْدِ السَّاعِدِيُّ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ رَأَى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ رَجُلاً يَتْبَعُ حَمَامًا فَقَالَ " شَيْطَانُ يَتْبَعُ شَيْطَانًا " .

বাংলা

8/৩৭৬৭। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে একটি কবুতরের অনুসরণ করতে দেখে বলেনঃ এক শয়তান আরেক শয়তানের পিছে লেগেছে।

English

It was narrated that Anas bin Malik said:

"The Messenger of Allah() saw a man chasing a pigeon and said: 'A devil chasing a devil.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. রাওওয়াদ ইবনুল জাররাহ সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় ইদতিরাব করেন। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন ও সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে শেষ বয়সে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৯২৭, ৯/২২৭ নং পৃষ্ঠা) ২. আবু সা'দ আস-সাঈদী সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আবু হাতিম বিন হিব্বান বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়। আবু যুরআহ আর-রাযী, ইবনু হাজার আল-আসকালানী, ইমাম যাহাবী ও সাবত ইবনুল আজামী তার সকলে বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল



কামালঃ রাবী নং ৭৩৮৬, ৩৩/৩৪৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন